# সৌর বিদ্যুৎ উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা

# Guidelines for the Implimentation of Solar Power Development Program

2013












**Power Division**
**Ministry of Power, Energy & Mineral Resources**
**Government of the People's Republic of Bangladesh**

# সৌর বিদ্যুৎ উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০১৩

অক্টোবর, ২০১৩











বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম
মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টা

# বাণী

বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর বিদ্যুৎ খাতকে সর্বোচ্চ গুরুত্ব প্রদানপূর্বক চাহিদা মোতাবেক বিদ্যুৎ উৎপাদনের জন্য তাৎক্ষণিক, স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করেছে। বিশ্বব্যাপী এটি স্বীকৃত যে, শুধু ক্ষয়িষ্ণু জীবাশ্ম জ্বালানি উৎসের উপর নির্ভর করে টেকসই বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা গড়ে তোলা সম্ভব নয়। আমাদের দেশেও বিদ্যুৎ মহাপরিকল্পনায় গ্যাসের উপর অধিক মাত্রায় নির্ভরশীলতা কমিয়ে ডিজেল, ফার্নেস অয়েল, কয়লা, নবায়নযোগ্য জ্বালানি ও নিউক্লিয়ার এনার্জির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। তাছাড়া আন্তঃদেশীয় বিদ্যুৎ সংযোগ লাইন স্থাপনের মাধ্যমে চাহিদা অনুযায়ী বিদ্যুৎ আমদানীর নতুন দ্বার ইতোমধ্যেই উন্মোচিত হয়েছে।

নবায়নযোগ্য জ্বালানি নীতিমালায় ঘোষিত লক্ষ্যমাত্রা অনুযায়ী নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক বিদ্যুৎ উৎপাদনের অংশ হিসেবে সম্প্রতি ৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এশিয়ান উন্নয়ন ব্যাংক ঘোষিত দক্ষিণ পূর্ব এশিয় দেশ সমূহে ৩০০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদন কর্মসূচীর অংশ হিসেবে বাংলাদেশে ৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উন্নয়ন পরিকল্পনার প্রাথমিক ধারণা পত্রটি গত জুন, ২০১১ মাসে ব্যাংককে অনুষ্ঠিত তৃতীয় এশিয় সোলার এনার্জি ফোরামে বাংলাদেশ প্রতিনিধি দলের পক্ষ হতে আমি উপস্থাপন করি। যা সম্মেলনে উপস্থিত বিভিন্ন সংস্থার প্রতিনিধি কর্তৃক ব্যাপকভাবে প্রশংসিত হয়।

৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উন্নয়ন পরিকল্পনার আওতায় নিম্নবর্ণিত দুই ধরনের প্রকল্প বিবেচনা করা হয়েছে। ৩৪০ মেগাওয়াট বাণিজ্যিক সৌর বিদ্যুৎ প্রকল্প এবং ১৬০ মেগাওয়াট সামাজিক সৌর বিদ্যুৎ প্রকল্প। বাণিজ্যিক প্রকল্পে অধিন ৩৪০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ প্ল্যান্ট সমূহ বেসরকারী বিনিয়োগকারী কর্তৃক ব্যবসায়িক ভিত্তিতে পরিচালিত হবে। তাছাড়া সামাজিক প্রকল্প সমূহে বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন সংস্থা, বিভিন্ন মন্ত্রণালয়, সরকারি ও বেসরকারি বিভিন্ন সংস্থা/ প্রতিষ্ঠানের মাধ্যমে বাস্তবায়ন করা হবে। ৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদন পরিকল্পনা সম্পর্কে উদ্যোক্তা এবং প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠানসমূহকে সরকার প্রদত্ত বিভিন্ন প্রণোদনা ও সহায়তা এবং এর বাস্তবায়ন কৌশল সম্পর্কে স্বচ্ছ ধারণা প্রদানের উদ্দেশ্যে **‘সৌর বিদ্যুৎ উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০১৩’** প্রণয়ন করা হয়েছে। আমার দৃঢ় বিশ্বাস নির্দেশিকাটি সরকারের ৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কর্মসূচী বাস্তাবায়নে সহায়ক ভূমিকা রাখবে।

এ নির্দেশিকা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম
মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টা



মোহাম্মদ এনামূল হক, এমপি
প্রতিমন্ত্রী
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

বর্তমান সরকার বিদ্যুৎ সমস্যা সমাধানে বাণিজ্যিক উৎস হতে বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি নবায়নযোগ্য জ্বালানি হতে পরিবেশ বান্ধব বিদ্যুৎ উৎপাদনের জন্য সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করেছে। ইতোমধ্যে নবায়নযোগ্য জ্বালানি নীতিমালা এবং Sustainable and Renewable Energy Development Authority (SREDA) Act,২০১২ অনুমোদন করা হয়েছে। নীতিমালায় নবায়নযোগ্য জ্বালানির মূল উৎস হিসেবে সৌর শক্তি, বায়ুশক্তি, বায়োমাস, হাইড্রো, বায়ো ফুয়েল, জিওথার্মাল, নদীর স্রোত, সমূদ্রের ঢেউ ইত্যাদি সনাক্ত করা হয়েছে। নবায়নযোগ্য জ্বালানি নীতিমালায় ২০১৫ সালের মধ্যে মোট বিদ্যুৎ উৎপাদনের ৫% এবং ২০২০ সালের মধ্যে মোট বিদ্যুৎ উৎপাদনের ১০% নবায়নযোগ্য জ্বালানি হতে উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ লক্ষ্যমাত্রা অর্জনে ২০১৫ সালের মধ্যে নবায়নযোগ্য জ্বালানি হতে ৮০০ মেগাওয়াট এবং ২০২০ সালের মধ্যে ২,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

নবায়নযোগ্য জ্বালানি নীতিমালায় ঘোষিত লক্ষ্যমাত্রার অংশ হিসেবে ২০১৫ সালের মধ্যে সৌর শক্তি ভিত্তিক বিদ্যুৎ উৎপাদনের জন্য ইতোমধ্যে '৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদন পরিকল্পনা' প্রণয়নপূর্বক তা নিবিড় তদারকির মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত পরিকল্পনার আওতায় অব্যবহৃত ও অনাবাদী সরকারি ও ব্যক্তিমালিকানাধীন জমিতে বেসরকারিখাতে Build, Own and Operate (BOO) ভিত্তিতে সৌর পার্ক স্থাপন, অফ গ্রীড এলাকায় বেসরকারিখাতে সৌর মিনি গ্রীড প্রকল্প স্থাপন, আবাসিক, বাণিজ্যিক ভবন ও শিল্প প্রতিষ্ঠানে রুফ টপ সৌর বিদ্যুৎ সিস্টেম স্থাপন, সরকারি ও আধা-সরকারি ভবনে বেসরকারিখাতে আইপিপি মডেলে সৌর প্রকল্প স্থাপন, সৌর সেচ পাম্প স্থাপনসহ বিভিন্ন সামাজিক প্রকল্পসমূহের বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন সংস্থা, বিভিন্ন মন্ত্রণালয়, সরকারি ও বেসরকারি বিভিন্ন সংস্থা/ প্রতিষ্ঠানের মাধ্যমে বাস্তবায়ন করা হবে। প্রকল্পগুলো সুষ্ঠুভাবে বাস্তবায়নের উদ্দেশ্যে **'সৌর বিদ্যুৎ উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০১৩'** প্রণয়ন করা হয়েছে।

আশা করি নির্দেশিকাটি বেসরকারি বিনিয়োগ আকৃষ্টকরণসহ দেশের সম্ভাবনাময় সৌর শক্তিকে ব্যবহার করে পরিবেশবান্ধব বিদ্যুৎ উৎপাদন এবং সৌর প্রযুক্তির সম্প্রসারণ ও এর উৎকর্ষতা সাধনের মাধ্যমে ভবিষ্যৎ জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে সহায়ক ভূমিকা রাখবে।

নির্দেশিকাটি প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

মোহাম্মদ এনামূল হক, এমপি
প্রতিমন্ত্রী

# মুখবন্ধ

পরিবেশ দূষণকারী প্রচলিত জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরশীলতা হ্রাস এবং জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সরকার নবায়নযোগ্য জ্বালানির উন্নয়ন ও প্রসারে বিশেষ গুরুত্বারোপ করেছে। নবায়নযোগ্য জ্বালানি নীতিমালায় ২০১৫ সালের মধ্যে মোট উৎপাদিত বিদ্যুতের ৫% এবং ২০২০ সালের মধ্যে ১০% বিদ্যুৎ নবায়নযোগ্য জ্বালানি হতে উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নবায়নযোগ্য জ্বালানির সম্ভাবনাময় উৎস সৌর শক্তিকে কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ ৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উন্নয়ন কর্মসূচি গ্রহণ করেছে। উক্ত কর্মসূচির আওতায় বাণিজ্যিক ভিত্তিতে বাস্তবায়িতব্য প্রকল্প (যেমন সোলার পার্ক, সোলার মিনিগ্রিড, ডিজেল চালিত সেচ পাম্পসমূহকে সৌর শক্তি চালিত সেচ পাম্প দ্বারা প্রতিস্থাপন) এবং সরকারি অনুদানে বাস্তবায়িতব্য সামাজিক প্রকল্প (যেমন গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রে সৌর বিদ্যুৎ সিস্টেম স্থাপন, ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র সমূহে সৌর বিদ্যুৎ সিস্টেম স্থাপন, প্রত্যন্ত এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সৌর বিদ্যুতায়ন ইত্যাদি) বাস্তবায়নের পরিকল্পনা করা হয়েছে। বাণিজ্যিক প্রকল্পসমূহ বেসরকারী উদ্যোগে এবং সামাজিক প্রকল্প সমূহ সরকারের একাধিক মন্ত্রণালয়/বিভাগ এর অধীন দপ্তর/সংস্থার উদ্যোগে বাস্তবায়িত হবে। প্রকল্প বাস্তবায়নের কারিগরি এবং পদ্ধতিগত বিষয়সমূহ স্পষ্টীকরণের লক্ষ্যে এ নির্দেশিকাটি প্রণয়ন করা হয়েছে। উন্নয়ন সহযোগীসহ প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকলের জন্য নির্দেশিকাটি সহায়ক হবে বলে আমি আশা করি।



মনোয়ার ইসলাম, এনডিসি
সচিব
বিদ্যুৎ বিভাগ

# কৃতজ্ঞতায়

ভবিষ্যৎ জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকল্পে এবং বৈশ্বিক উষ্ণতা প্রতিরোধে সরকার জীবাশ্ম জ্বালানির পাশাপাশি নবায়নযোগ্য জ্বালানি হতে পরিবেশ বান্ধব বিদ্যুৎ উৎপাদনের উপর বিশেষ গুরুত্বারোপ করে সময়োপযোগী বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে।
নবায়নযোগ্য জ্বালানি নীতিমালায় ঘোষিত লক্ষ্যমাত্রার অংশ হিসেবে ২০১৫ সালের মধ্যে সৌর শক্তি ভিত্তিক বিদ্যুৎ উৎপাদনের জন্য ইতোমধ্যে '৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদন পরিকল্পনা' প্রণয়নপূর্বক তা বাস্তবায়নের নিমিত্তে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত পরিকল্পনাটি বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন বিভিন্ন মন্ত্রণালয়, সরকারী ও বেসরকারী বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠানের মাধ্যমে বাস্তবায়ন করা হবে। ৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদন পরিকল্পনা সম্পর্কে উদ্যোক্তা এবং প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠানসমূহকে স্বচ্ছ ধারণা প্রদান ও উক্ত পরিকল্পনাটি যথাসময়ে সুষ্ঠুভাবে বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থাসমূহের মধ্যে সমন্বয় সাধনের উদ্দেশ্যে **'সৌর বিদ্যুৎ উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০১৩'** প্রণয়ন করা হয়েছে।

দেশে নবায়নযোগ্য জ্বালানি তথা সৌর বিদ্যুৎকে প্রসারের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম এবং বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোহাম্মদ এনামুল হক, এমপি সর্বদা প্রেরণা যুগিয়ে আসছেন। এ নির্দেশিকাটির প্রকাশ তারই ফসল। এজন্য তাদের প্রতি অকৃত্রিম শ্রদ্ধা ও আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ আবুল কালাম আজাদ বিদ্যুৎ বিভাগের দায়িত্বে থাকাকালীন সৌর বিদ্যুতের প্রসারে বিভিন্নমুখী উদ্যোগ গ্রহণ করেছিলেন। এ ছাড়া এ ধরনের কর্মসূচিকে একটি নির্দেশিকার আকারে প্রকাশ মূলত তার অনুপ্রেরণায় রচিত। বিদ্যুৎ বিভাগের মাননীয় সচিব জনাব মনোয়ার ইসলাম নির্দেশিকাটি প্রণয়নে নানা পরামর্শ এবং উৎসাহ প্রদান করায় তার প্রতি বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। নির্দেশিকাটি প্রণয়নে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়তা প্রদানকারী বিদ্যুৎ বিভাগ, পাওয়ার সেল, বিইআরসি, ইডকলসহ বেসরকারী প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

নির্দেশিকাটি সৌর বিদ্যুৎ উৎপাদন কার্যক্রম প্রকল্প বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালনের মাধ্যমে নবায়নযোগ্য জ্বালানি প্রযুক্তি সম্প্রসারণ ও এর উৎকর্ষতা সাধনপূর্বক সৌর বিদ্যুৎ উৎপাদনে উল্লেখযোগ্য গতি সঞ্চারে সক্ষম হলে আমাদের প্রয়াস সার্থক হবে।



তাপস কুমার রায়
অতিরিক্ত সচিব

# সূচিপত্র


মুখবন্ধ
কৃতজ্ঞতায়

**প্রথম অধ্যায়**
১.০ পটভূমি ৯
১.৪ নির্দেশিকার উদ্দেশ্য ১০

**দ্বিতীয় অধ্যায়**
২.০ সোলার পার্ক স্থাপন ১১

**তৃতীয় অধ্যায়**
৩.০ সোলার মিনিগ্রীড প্রকল্প বাস্তবায়ন ১৫

**চতুর্থ অধ্যায়**
৪.০ রুফ টপ সোলার সিস্টেম স্থাপন ১৯

**পঞ্চম অধ্যায়**
৫.০ সৌর সেচ পাম্প স্থাপন ২৩

**ষষ্ঠ অধ্যায়**
৬.০ সামাজিক সৌর বিদ্যুৎ প্রকল্প স্থাপন ২৫

**সপ্তম অধ্যায়**
৭.০ প্রচলিত আইন ও নীতিমালা ২৭

**অষ্টম অধ্যায়**
৮.০ আর্থিক সুবিধাদি ২৯

**নবম অধ্যায়**
৯.০ Statutory Regulatory Order জারী ৩২
৯.১ ব্যাখ্যার অধিকার ৩২

অধ্যায় ১



## ১.০ পটভূমি

১.১ অর্থনৈতিক প্রবৃদ্ধি, দারিদ্র বিমোচন ও সামাজিক উন্নয়নে বিদ্যুৎ একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান। জনসাধারণের জীবনযাত্রার মানোন্নয়নে আবাসিক, বাণিজ্যিক, কৃষি ও শিল্প উৎপাদনে প্রতিনিয়ত বিদ্যুৎ ব্যবহৃত হওয়ায় সার্বিকভাবে দেশে বিদ্যুতের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। কিন্তু চাহিদার সাথে সামঞ্জস্য রেখে বিদ্যুতের উৎপাদন বৃদ্ধি না পাওয়ায় দেশে বিদ্যুৎ সংকট সৃষ্টি হয়েছে। বিদ্যুতের ঘাটতিজনিত সমস্যা সমাধানে বর্তমান সরকার বিদ্যুৎ খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে এ খাতের উন্নয়নে নানামুখী কর্মসূচি গ্রহণ করেছে। চাহিদা মোতাবেক বিদ্যুৎ উৎপাদনের জন্য তাৎক্ষণিক, স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বিশ্বব্যাপী এটি স্বীকৃত যে, শুধু ক্ষয়িষ্ণু জীবাশ্ম জ্বালানি উৎসের উপর নির্ভর করে টেকসই বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা গড়ে তোলা সম্ভব নয়। উল্লেখ্য ২০০৫ সালে প্রণীত বিদ্যুৎ খাতের হালনাগাদ মহাপরিকল্পনা অনুযায়ী বিদ্যুৎ উৎপাদনে গ্যাসকে মূল জ্বালানি হিসেবে বিবেচনা করা হয়েছে। কিন্তু বর্তমান গ্যাসের সরবরাহ ঘাটতিজনিত বাস্তব অবস্থা বিবেচনায় নিয়ে গ্যাসের উপর অধিক মাত্রায় নির্ভরশীলতা কমিয়ে ডিজেল, ফার্নেস অয়েল, কয়লা, নবায়নযোগ্য জ্বালানি শক্তি ও নিউক্লিয়ার এনার্জি ইত্যাদি অন্যান্য বিকল্প জ্বালানির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের মহাপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

১.২ বর্তমান সরকার বাণিজ্যিক উৎস হতে বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি নবায়নযোগ্য জ্বালানি হতে পরিবেশ বান্ধব বিদ্যুৎ উৎপাদনের জন্য সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করেছে। ইতোমধ্যে নবায়নযোগ্য জ্বালানি নীতিমালা অনুমোদন করা হয়েছে। নীতিমালায় নবায়নযোগ্য জ্বালানির মূল উৎস হিসেবে সৌর শক্তি, বায়ুশক্তি, বায়োমাস, হাইড্রো, বায়ো ফুয়েল, জিওথার্মাল, নদীর স্রোত, সমুদ্রের ঢেউ ইত্যাদি সনাক্ত করা হয়েছে। নবায়নযোগ্য জ্বালানি নীতিমালায় ২০১৫ সালের মধ্যে মোট বিদ্যুৎ উৎপাদনের ৫% এবং ২০২০ সালের মধ্যে মোট বিদ্যুৎ উৎপাদনের ১০% নবায়নযোগ্য জ্বালানি হতে উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ লক্ষ্যমাত্রা অর্জনে ২০১৫ সালের মধ্যে নবায়নযোগ্য জ্বালানি হতে ৮০০ মেগাওয়াট এবং ২০২০ সালের মধ্যে ২,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

১.৩ **৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উন্নয়ন কার্যক্রমঃ** নবায়নযোগ্য জ্বালানি নীতিমালায় ঘোষিত লক্ষ্যমাত্রা অনুযায়ী নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক বিদ্যুৎ উৎপাদনের অংশ হিসেবে সম্প্রতি ৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। ৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উন্নয়ন পরিকল্পনার আওতায় নিম্নবর্ণিত দুই ধরনের প্রকল্প বিবেচনা করা হচ্ছে:

(ক) বাণিজ্যিক সৌর বিদ্যুৎ প্রকল্প (Commercial Solar Power Projects)
(খ) সামাজিক সৌর বিদ্যুৎ প্রকল্প (Social Solar Power Projects)

বাণিজ্যিক প্রকল্পসমূহ মূলতঃ সুবিধাভোগকারী কর্তৃক প্রদেয় সেবামূল্যের দ্বারা ব্যবসায়িক ভিত্তিতে পরিচালিত হবে। সামাজিক প্রকল্পসমূহ সম্পূর্ণ অনুদান নির্ভর ও সামাজিক ভিত্তিতে পরিচালিত হবে। বাণিজ্যিক ও সামাজিক সৌর বিদ্যুৎ প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত প্রকল্পসমূহ চিহ্নিত করা হয়েছে :

**(ক) বাণিজ্যিক প্রকল্পসমূহঃ**

(১) অব্যবহৃত ও অনাবাদী সরকারি ও ব্যক্তিমালিকানাধীন জমিতে বেসরকারি খাতে Build, Own and Operate (BOO) ভিত্তিতে সৌর পার্ক স্থাপন;
(২) অফ গ্রীড এলাকায় বেসরকারিখাতে সৌর মিনি গ্রীড প্রকল্প স্থাপন;
(৩) আবাসিক ও বাণিজ্যিক ভবনে রুফ টপ সৌর বিদ্যুৎ সিস্টেম স্থাপন;
(৪) শিল্প প্রতিষ্ঠানে সৌর বিদ্যুৎ ব্যবস্থার প্রচলন ও প্রবর্তন;
(৫) সরকারি ও আধা-সরকারি ভবনে বেসরকারিখাতে আইপিপি মডেলে সৌর প্রকল্প স্থাপন;
(৬) ডিজেল চালিত সেচ পাম্পসমূহ সৌর সেচ পাম্প দ্বারা প্রতিস্থাপন।

**(খ) সামাজিক প্রকল্পসমূহঃ**

(১) গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রে সৌর বিদ্যুতায়ন
(২) প্রত্যন্ত এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সৌর বিদ্যুতায়ন
(৩) ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রে সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন
(৪) অবিদ্যুতায়িত ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে সৌর বিদ্যুতায়ন
(৫) প্রত্যন্ত রেলওয়ে ষ্টেশনে সৌর বিদ্যুতায়ন
(৬) অফ গ্রীড এলাকার সরকারি অফিসসমূহে সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন।

**১.৪ নির্দেশিকার উদ্দেশ্য**

(১) দেশের সম্ভাবনাময় সৌর শক্তিকে ব্যবহার করে পরিবেশ বান্ধব বিদ্যুৎ উৎপাদন;
(২) সৌর প্রযুক্তির সম্প্রসারণ ও এর উৎকর্ষতা সাধন;
(৩) নবায়নযোগ্য জ্বালানির অংশ হিসেবে সৌর প্রযুক্তিতে দাতা সংস্থা ও বেসরকারি বিনিয়োগ আকৃষ্টকরণ;
(৪) সৌর জ্বালানির সম্ভাবনাকে কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপাদনে জীবাশ্ম জ্বালানির ব্যবহার হ্রাস;
(৫) অব্যবহৃত ও অনাবাদী সরকারি ও বেসরকারি জমি এবং বহুতল ভবনের ছাদ এর যথাযথ ব্যবহারের মাধ্যমে "গ্রীন এনার্জি" আহরণ নিশ্চিতকরণ;
(৬) ব্যক্তি মালিকানাধীণ বাণিজ্যিক, শিল্প ও আবাসিক ক্ষেত্রে রুফ টপ সোলার সিস্টেম স্থাপনে জনসচেতনতা সৃষ্টি ও উৎসাহিতকরণ;
(৭) সেচ পাম্পে সৌর বিদ্যুৎ সংযোগ প্রদানের মাধ্যমে আমদানি নির্ভর তরল জ্বালানির উপর নির্ভরশীলতা কমানো;
(৮) নবায়নযোগ্য জ্বালানিসহ সৌর শক্তি ব্যবহারের মাধ্যমে দূরবর্তী বিচ্ছিন্ন এলাকায় বিদ্যুতের সুবিধা সৃষ্টি করা;
(৯) নবায়নযোগ্য জ্বালানি হতে বিদ্যুৎ উৎপাদনের জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা;
(১০) জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলা ও ভবিষ্যৎ জ্বালানি নিরাপত্তা বিধানে সহায়তা প্রদানপূর্বক Clean Development Mechanism (CDM) বা অনুরূপ কোন সুবিধা আহরণের সুযোগ সৃষ্টি করা;
(১১) সৌর বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ দপ্তরসমূহের মধ্যে সমন্বয় সাধন।

অধ্যায় ২



# ২.০ সোলার পার্ক স্থাপন

## ২.১ ভূমিকা

বাংলাদেশে নবায়নযোগ্য জ্বালানি উৎস হতে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে সৌর বিদ্যুৎ সর্বাধিক কার্যকর হিসেবে প্রমাণিত হওয়ায় সরকার ২০১৫ সালের মধ্যে ৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদনের কার্যক্রম গ্রহণ করেছে। এ কার্যক্রমের আওতায় অব্যবহৃত অনাবাদী সরকারি ও ব্যক্তি মালিকানাধীন জায়গায় বেসরকারিখাতে আইপিপি মডেলে Build, Own and Operate (BOO) ভিত্তিতে সোলার পার্ক স্থাপন করে বিদ্যুৎ উৎপাদন করা হবে এবং উৎপাদিত বিদ্যুৎ, বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের মাধ্যমে ক্রয় করা হবে।

## ২.২ সোলার পার্ক স্থাপনের জন্য প্রকল্পের সাইট

সোলার পার্ক স্থাপনের জন্য সরকারি/ বেসরকারি মালিকানাধীন নিম্নবর্ণিত স্থানসমূহকে প্রকল্পের জন্য উপযুক্ত সাইট হিসেবে বিবেচনা করা হবে:

(১) দেশের বিভিন্ন স্থানে বাংলাদেশ রেলওয়ের অব্যবহৃত অপেক্ষাকৃত বড় জায়গাসমূহ;
(২) চর অঞ্চলের অনাবাদী জায়গাসমূহ;
(৩) পাহাড়ী এলাকায় অব্যবহৃত, অনাবাদী ও বৃক্ষবিহীন জমি;
(৪) সমুদ্র ও নদী তীরবর্তী বিস্তীর্ণ অঞ্চলসমূহ;
(৫) অব্যবহৃত ও অনাবাদী সরকারি জায়গা;
(৬) ব্যক্তিমালিকানাধীন জমিসমূহ।

## ২.৩ বেসরকারিখাতে সোলার পার্ক প্রকল্প বাস্তবায়ন কৌশল

### ২.৩.১ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা

বিদ্যুৎ বিভাগ/ স্রেডা অথবা এর মনোনীত প্রতিষ্ঠান কর্তৃক বেসরকারিখাতে সোলার পার্ক স্থাপনের উদ্দেশ্যে উদ্যোক্তা নির্বাচনের সকল কার্যক্রম সম্পন্ন করা হবে।

### ২.৩.২ প্রকল্প এলাকা নির্বাচন

সরকারি/ বেসরকারি মালিকানাধীণ কোন উপযুক্ত স্থানে সোলার পার্ক স্থাপনের জায়গা প্রাথমিকভাবে নির্বাচন করা হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ বা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ অথবা জায়গার মালিকের সাথে আলোচনাক্রমে প্রকল্পের প্রাক-সমীক্ষা সম্পন্ন করা হবে। প্রাক-সমীক্ষাকালে জমির অবস্থান, প্রকৃতি ও ধরণ, জমির পরিমাণ, যোগাযোগ ব্যবস্থা, সোলার পার্কের সম্ভাব্য ক্ষমতা ও উৎপাদিত বিদ্যুৎ গ্রীডে সংযুক্ত করার সুবিধা ইত্যাদি বিষয় বিবেচনা করা হবে।

### ২.৩.৩ উদ্যোক্তা নির্বাচন

বিদ্যুৎ বিভাগ কর্তৃক অনুমোদিত স্থানে সোলার পার্ক স্থাপনের উদ্দেশ্যে উন্মুক্ত প্রতিযোগিতামূলক দরপত্রের মাধ্যমে আইপিপি মডেলে উদ্যোক্তা নির্বাচন করা হবে। আগ্রহী উদ্যোক্তাদের প্রাক-যোগ্যতা যাচাইয়ের জন্য Pre Qualification Document (PQD) প্রস্তুত করা হবে। প্রাক-যোগ্যতা যাচাইয়ের শর্তাবলী PQD এ উল্লেখ থাকবে। প্রাক-যোগ্যতা যাচাইকালে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা ক্ষমতা, বিনিয়োগের ক্ষমতা, প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতা, প্রতিষ্ঠানের আর্থিক বিবরণী, সোলার সংক্রান্ত কাজের অভিজ্ঞতা ইত্যাদি বিষয় বিবেচনা করা হবে। প্রাক-যোগ্যতা যাচাইয়ে উত্তীর্ণ উদ্যোক্তাদের অনুকূলে Request for Proposal (RFP) ইস্যু করা হবে। বিডিং ডকুমেন্ট কারিগরী ও আর্থিক দুই ইনভেলাপ সিস্টেমের হবে। RFP তে বর্ণিত ক্রাইটেরিয়ার আলোকে দরপত্রের কারিগরী মূল্যায়ন করা হবে। RFP তে বর্ণিত শর্তানুযায়ী 1st Ranked Bidder কর্তৃক নির্দিষ্ট সময়সীমার মধ্যে পারফরমেন্স গ্যারান্টি ও ফিনান্সিয়াল ক্লোজিং সম্পন্ন করতে হবে।

### ২.৩.৪ প্রকল্পে অর্থায়ন

(ক) সোলার পার্ক বেসরকারিখাতে BOO ভিত্তিতে আইপিপি মডেলে স্থাপন করা হবে;
(খ) বেসরকারি উদ্যোক্তা প্রকল্পের সকল ধরণের প্রয়োজনীয় অর্থায়নের ব্যবস্থা করবে;
(গ) প্রকল্পে অর্থায়নের ক্ষেত্রে উদ্যোক্তার ন্যূনতম ইক্যুটির পরিমান ২০% হতে হবে;
(ঘ) সিকিউরিটিজ এন্ড একচেঞ্জ কমিশনের যথাযথ অনুমোদন সাপেক্ষে শেয়ার ইস্যু করে পুঁজিবাজার থেকে অর্থ সংগ্রহের বিষয়ে সরকার প্রয়োজনে অনুমোদন দিতে পারবে।

### ২.৩.৫ সিকিউরিটি প্যাকেজ

নির্বাচিত বেসরকারি উদ্যোক্তা প্রতিষ্ঠানের সাথে-

(ক) বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) এবং বেসরকারি উদ্যোক্তা প্রতিষ্ঠানের মধ্যে "Power Purchase Agreement (PPA)" স্বাক্ষরিত হবে;
(খ) সোলার পার্ক সরকারি মালিকানাধীন ভূমিতে স্থাপন করা হলে সেক্ষেত্রে বেসরকারি উদ্যোক্তা ও প্রকল্পের জায়গার স্বত্ত্বাধিকারী মন্ত্রণালয়/ বিভাগ কিংবা এদের অধীনস্ত দপ্তর/ অধিদপ্তরের অথবা ভূমি নিয়ন্ত্রকারী কর্তৃপক্ষের মধ্যে "Land Lease Agreement (LLA)" স্বাক্ষরিত হবে;
(গ) সরকারের পক্ষে বিদ্যুৎ বিভাগের সাথে "Implementation Agreement (IA)" স্বাক্ষরিত হবে।

## ২.৪ কারিগরী বিষয়

২.৪.১ সোলার পার্কের ক্ষমতা ২০ মেগাওয়াট এর অধিক হলে জাতীয় গ্রীডে সংযোগের বিষয় বিবেচনা করা হবে। তবে ২০ মেগাওয়াট পর্যন্ত ক্ষমতার বিদ্যুৎ স্থানীয়ভাবে ব্যবহার করা হবে। তবে তা সম্ভব না হলে অতিরিক্ত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সরবরাহের বিষয়ে বিবেচনা করা হবে।

২.৪.২ ক্ষুদ্র সোলার পার্কের ক্ষেত্রে (২০ মেগাওয়াট পর্যন্ত) সংশ্লিষ্ট স্থানীয় বিদ্যুৎ বিতরণ সংস্থা কর্তৃক ১১ কেভি বা ৩৩ কেভি বিতরণ লাইন নির্মাণপূর্বক নিকটস্থ উপকেন্দ্রের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ গ্রহণ করবে।

২.৪.৩ ব্যয় নিয়ন্ত্রণের লক্ষ্যে সোলার পার্ক স্থাপনের ক্ষেত্রে ব্যাটারি ব্যাক-আপের বিষয় বিবেচনা করা হবে না।

২.৪ .৪ সোলার পার্ক পরিচালন ও রক্ষণাবেক্ষন

সোলার পার্ক পরিচালন ও রক্ষণাবেক্ষনের সার্বিক ব্যয় উদ্যোক্তা প্রতিষ্ঠান বহন করবে। সোলার প্যানেলের দক্ষতা গ্রহণযোগ্য মাত্রার চেয়ে বেশি হ্রাস পেলে তা নিজ ব্যয়ে উদ্যোক্তা প্রতিষ্ঠানকে পরিবর্তন/

ক্ষমতাবর্ধন করতে হবে।

## ২.৫ পাওয়ার ইভাকুয়েশন

সোলার পার্কে উৎপাদিত বিদ্যুৎ গ্রীডে সরবরাহের উদ্দেশ্যে পাওয়ার ডেলিভারী পয়েন্ট/ মিটারিং পয়েন্ট পর্যন্ত প্রয়োজনীয় গ্রীড ফ্যাসিলিটিজ উদ্যোক্তা প্রতিষ্ঠান নিজ ব্যয়ে নির্মাণ করবে। তবে গ্রীড সঞ্চালন লাইন ব্যবহারের প্রয়োজন হলে পিজিসিবি নিজ ব্যয়ে সঞ্চালন লাইন নির্মাণ করবে এবং এ জন্য উদ্যোক্তা কর্তৃক পিজিসিবিকে বিইআরসি কর্তৃক অনুমোদিত হারে হুইলিং চার্জ প্রদান করতে হবে।

## ২.৬ মিটার স্থাপন

১৩২ কেভি গ্রীডে বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে উদ্যোক্তা কর্তৃক ট্রান্সফরমার স্থাপনপূর্বক ভোল্টেজ ষ্টেপ-আপ করে ১৩২ কেভিতে উন্নীত করতে হবে এবং সেক্ষেত্রে ট্রান্সফরমারের সেকেন্ডারী সাইটে মিটার হতে বিউবো কর্তৃক পাওয়ার ক্রয় করা হবে। স্থানীয়ভাবে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে বিদ্যুৎ কেন্দ্রের মধ্যে ১১/৩৩ কেভিতে মিটার স্থাপন করে বিদ্যুৎ ক্রয় করা হবে।

## ২.৭ ল্যান্ড লীজ

সরকারি ভূমি লীজ গ্রহণের জন্য সংশ্লিষ্ট স্বত্তাধিকারীকে LLA এর আলোকে উদ্যোক্তা কর্তৃক নির্ধারিত হারে ভাড়া প্রদান করতে হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ প্রতিষ্ঠানের সাথে আলোচনাক্রমে ভাড়ার হার নির্ধারণ করা হবে। জমি ভাড়ার হার RFP তে উল্লেখ থাকবে।

## ২.৮ লাইসেন্স

উদ্যোক্তাকে সোলার পার্ক স্থাপনের ক্ষেত্রে নবায়নযোগ্য জ্বালানি নীতিমালার আলোকে ৫ মেগাওয়াট পর্যন্ত ক্ষমতার বিদ্যুৎ কেন্দ্রের জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন হতে লাইসেন্স গ্রহণ করতে হবে না, তবে কমিশন হতে ওয়েভার সার্টিফিকেট/ লাইসেন্স গ্রহণ করতে হবে। এ ধরণের প্রকল্প বাস্তবায়নে বিনিয়োগ আকৃষ্টকরণের লক্ষ্যে প্রতিবছর নবায়নের শর্তে ন্যূনতম ২০ বছরের জন্য লাইসেন্স প্রদান করা যেতে পারে।

## ২.৯ বিদ্যুতের ট্যারিফ

স্থাপিত সোলার পার্ক হতে উৎপাদিত বিদ্যুতের জন্য বিডার প্রতি কিলোওয়াট আওয়ার হিসেবে মার্কিন ডলারে দরপ্রস্তাব করবে। কারিগরীভাবে রেসপন্সিভ সর্বনিম্ন দরদাতার সাথে ন্যূনতম ২০ বছরের জন্য PPA স্বাক্ষর করা হবে। বিডারকে উৎপাদিত বিদ্যুতের জন্য শুধুমাত্র এনার্জি চার্জ প্রদান করা হবে, তবে কোন ক্যাপাসিটি চার্জ বিবেচনা করা হবে না। বেসরকারি উদ্যোক্তাকে বিদ্যুৎ ক্রয়ের বিল টাকায় (স্থানীয় মুদ্রায়) পরিশোধ করা হবে।

অধ্যায় ৩



# ৩.০ সোলার মিনিগ্রীড প্রকল্প বাস্তবায়ন

## ৩.১ ভূমিকা

দেশের প্রায় অর্ধেক জনগোষ্ঠী এখনও বিদ্যুৎ সুবিধা থেকে বঞ্চিত। সরকার ২০২১ সালের মধ্যে সকলের জন্য বিদ্যুৎ সুবিধা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। তবে কিছু কিছু এলাকা রয়েছে যেখানে গ্রীড লাইন সম্প্রসারণপূর্বক বিদ্যুৎ সংযোগ দেয়া অত্যন্ত ব্যয়বহুল বা অসম্ভব। এ সকল এলাকা বিদ্যুতায়নের লক্ষ্যে সোলার মিনিগ্রীড কর্মসূচি গ্রহণ করা হয়েছে। Remote Area Power Supply System (RAPSS) নীতিমালায় বর্ণিত ধারণার সাথে সামঞ্জস্য রেখে নির্ধারিত এলাকার জন্য প্রাইভেট অপারেটর নিয়োগ করা হবে। অনুমোদিত অপারেটর উক্ত এলাকার জন্য বিদ্যুৎ উৎপাদন, মিনিগ্রীড নির্মাণ ও বিদ্যুৎ বিতরণের দায়িত্ব পালন করবে।

## ৩.২ সোলার মিনিগ্রীড প্রকল্প এলাকা নির্বাচন

দেশের প্রত্যন্ত অঞ্চল যেমন চর এলাকা, হাওড়, পার্বত্য এলাকা, সমুদ্র ও নদী তীরবর্তী এলাকাসহ বিচ্ছিন্ন এলাকা যা মূল ভূমি তথা বিদ্যুতের লাইন থেকে অনেক দূরে অবস্থিত এবং যেখানে অদূর ভবিষ্যতে গ্রীড লাইন পৌঁছানোর কোন সম্ভাবনা নেই এ রকম এলাকায় বেসরকারি পর্যায়ে সোলার পিভি এর মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন করে মিনি গ্রীডের সাহায্যে জনগণের নিকট বিদ্যুৎ পৌঁছানোর লক্ষ্যে সরকার উদ্যোগ গ্রহণ করেছে। বলা বাহুল্য, বাংলাদেশে সৌর বিদ্যুৎ মানুষের কাছে বহুল পরিচিত, পরীক্ষিত ও সাদরে গৃহীত হয়েছে। সৌর বিদ্যুৎ পরিবেশ বান্ধব হওয়ায় এবং দিন দিন সোলার প্যানেলের দাম হ্রাস পাওয়ায় মানুষ সৌর বিদ্যুতের প্রতি দ্রুত আকৃষ্ট হচ্ছে। যেহেতু প্রচলিত পদ্ধতিতে প্রত্যন্ত অঞ্চলগুলোতে বিদ্যুৎ পৌঁছানো দুরূহ সেহেতু এ সকল এলাকায় বেসরকারি পর্যায়ে ২০১৬ সালের মধ্যে ২৫ মেগাওয়াট সোলার বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

আর্থিক ও কারিগরী বিশ্লেষণের ভিত্তিতে বিদ্যুৎ বিভাগ অফগ্রীড পটেনশিয়াল এলাকাসমূহের একটি তালিকা তৈরি করবে। এ সমস্ত এলাকায় গ্রাম, হাট-বাজার, স্বাস্থ্যকেন্দ্র, তথ্যকেন্দ্র, কমিউনিটি সার্ভিস সেন্টার এবং অন্যান্য লোড থাকতে পারে। বেসরকারি উদ্যোক্তা কর্তৃক এ সকল এলাকায় সোলার পিভির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন করে তা পৌঁছানোর লক্ষ্যে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা গড়ে তোলা হবে। উল্লেখ করা প্রয়োজন যে, এ সকল এলাকায় প্রকল্প গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট এলাকার গ্রাহকদের আর্থিক সক্ষমতা বিবেচনা করা হবে।

## ৩.৩ প্রাইভেট অপারেটর নির্বাচন

ইডকলের নিকট বেসরকারি প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে অগ্রাধিকার ভিত্তিতে নির্ধারিত এলাকার জন্য অপারেটর নিয়োগ করা হবে। বেসরকারি উদ্যোক্তা নির্বাচনের ক্ষেত্রে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা ক্ষমতা, বিনিয়োগের ক্ষমতা এবং সোলার সংক্রান্ত কাজের অভিজ্ঞতা ইত্যাদি বিষয় বিবেচনা করা হবে। উপরোক্ত সার্বিক বিষয়াদি বিবেচনাপূর্বক ইডকল উদ্যোক্তা প্রতিষ্ঠানের সাথে বাস্তবায়ন চুক্তি স্বাক্ষর করবে। ইডকল

এ বিষয়ে সময়ে সময়ে উপদেষ্টা কমিটিকে অবহিত করবে ও প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করবে। বাস্তবায়ন চুক্তি ২০ বছরের জন্য হতে পারে।

### ৩.৪ সোলার মিনিগ্রীড প্রকল্পে অর্থায়ন

বিদ্যুৎ বিভাগ/ স্রেডা কর্তৃক নির্ধারিত ফেঞ্চাইজ অথবা ইডকল কর্তৃক অনুমোদিত এলাকাসমূহে সোলার মিনিগ্রীড প্রকল্প বাস্তবায়ন, পরিচালন ও রক্ষণাবেক্ষনের জন্য উদ্যোক্তা প্রতিষ্ঠান প্রয়োজনীয় অর্থের সংস্থান করবে। ইডকল নবায়নযোগ্য জ্বালানি কার্যক্রম বাস্তবায়নের জন্য বিশ্বব্যাংকসহ বিভিন্ন দাতা সংস্থাসমূহের নিকট হতে প্রাপ্ত অনুদান বা সহজ শর্তে প্রকল্প ঋণ দ্বারা গঠিত তহবিল হতে প্রকল্পে মোট বিনিয়োগের ইডকল প্রণীত নীতিমালা অনুযায়ী ৮০ শতাংশ পর্যন্ত অর্থ যোগান দ্বারা সরবরাহকৃত বিদ্যুতের মূল্য গ্রাহকদের জন্য সহনীয় পর্যায়ে রাখতে সহায়তা করবে।

### ৩.৫ কারিগরী বিষয়

ক) উদ্যোক্তা প্রতিষ্ঠান যে এলাকার জন্য নিয়োজিত হবে উক্ত এলাকার সকল আগ্রহী গ্রাহকদের জন্য সৌর বিদ্যুৎ সরবরাহের সুযোগ সৃষ্টি করবে;

খ) সৌর শক্তি হতে উৎপাদিত বিদ্যুৎ গ্রাহকদের নিকট সরবরাহের জন্য মিনিগ্রীড নির্মাণ/ বিতরণ লাইন নির্মাণ করবে। এ সংক্রান্ত নক্সা ও সম্ভাব্য ব্যয়ের পরিমাণ ট্যারিফ প্রস্তাবে উল্লেখ করতে হবে;

গ) সৌর বিদ্যুৎ উৎপাদন ও মিনিগ্রীড পরিচালন ও রক্ষণাবেক্ষনের যাবতীয় দায়িত্ব উদ্যোক্তা প্রতিষ্ঠান পালন করবে;

ঘ) উদ্যোক্তা প্রতিষ্ঠান বৃষ্টি/ মেঘলা দিনসহ প্রতিদিন ন্যূনতম নির্ধারিত সময় বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় ব্যাক-আপের ব্যবস্থা রাখবে;

ঙ) কোন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা বিদ্যমান থাকলে তা সংশ্লিষ্ট ইউটিলিটির সাথে সমঝোতার মাধ্যমে মিনিগ্রীড অপারেটর কর্তৃক ব্যবহার করতে পারবে;

চ) উদ্যোক্তা প্রতিষ্ঠান কর্তৃক গ্রাহকদের বিদ্যুৎ সংযোগ প্রদানকালে বিদ্যুৎ সাশ্রয়ী সরঞ্জাম/ যন্ত্রপাতির ব্যবহার নিশ্চিত করতে হবে।

### ৩.৬ বিদ্যুৎ ট্যারিফ

ক) উদ্যোক্তা প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়ন, ইডকল কর্তৃক আর্থিক সহায়তা প্রদানের পরিমাণ ইত্যাদি বিবেচনাপূর্বক উদ্যোক্তা প্রতিষ্ঠানের প্রস্তাব মোতাবেক ইডকল এলাকাভিত্তিক ট্যারিফ নির্ধারণ করবে। গ্রাহক পর্যায়ে ট্যারিফ সহনীয় করার ব্যাপারে ইডকল উদ্যোক্তা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় আর্থিক ও কারিগরী সহায়তা প্রদান করবে। ইডকল সময়ে সময়ে উপদেষ্টা কমিটিকে ট্যারিফের বিষয়ে অবহিত করবে।

খ) সান্ধ্যকালীন পিক আওয়ারসহ দৈনিক ন্যূনতম কত ঘন্টা বিদ্যুৎ সরবরাহ করবে তা ট্যারিফ প্রস্তাবে উল্লেখ থাকতে হবে।

### ৩.৭ মিনিগ্রীড প্রকল্প বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক কাঠামো

বিদ্যুৎ বিভাগ/স্রেডা মিনিগ্রীড প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রয়োজনে সমন্বয়ের দায়িত্ব পালন করবে। উদ্যোক্তা প্রতিষ্ঠান কোন নির্দিষ্ট এলাকায় মিনিগ্রীড প্রকল্প বাস্তবায়নে তাদের আগ্রহের কথা ব্যক্ত করে ইডকলের কাছে প্রস্তাব পেশ করতে পারবে। এছাড়া বিদ্যুৎ বিভাগ/স্রেডা কর্তৃক ঘোষিত ফ্রেঞ্চাইজ এলাকায় মিনিগ্রীড প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ইডকল প্রস্তাব আহ্বান করতে পারবে। প্রকল্পের উপযুক্ততা বিবেচনাপূর্বক ইডকল অর্থায়নের বিষয়টি বিবেচনা করবে।

ইডকল প্রকল্প বাস্তবায়নের জন্য তহবিল গঠন, আর্থিক সহযোগিতা প্রদান, মিনিগ্রীড অপারেটর নির্বাচন, মিনিগ্রীড নির্মাণ কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি তদারকি করবে এবং প্রস্তাবিত ট্যারিফ পর্যালোচনা করে উপদেষ্টা কমিটিকে অবহিত করবে। বিদ্যুৎ বিভাগ/স্রেডা প্রাথমিকভাবে বাস্তবায়িত ২/১টি প্রকল্পের ইমপেক্ট স্ট্যাডির ব্যবস্থা করবে। প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন হওয়ার ৫ (পাঁচ) বৎসর পরবর্তি সময়ে প্রকল্প এলাকায় সরকার গ্রীড বিদ্যুৎ সম্প্রসারণ করলে উদ্যোক্তা প্রতিষ্ঠান নাবায়ণযোগ্য জ্বালানী উৎস হতে উৎপাদিত বিদ্যুৎ গ্রীডে সরবরাহের সুযোগ পাবে। এক্ষেত্রে প্রকল্পের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যয়, ব্যবস্থাপনা ব্যয় এবং বিনিয়োগকৃত ইক্যুইটির উপর ১৫% রিটার্ণ ধরে ট্যারিফ নির্ধারনের বিষয়টি পারস্পরিক আলোচনার মাধ্যমে সমাধান করা যেতে পারে। এ অবস্থায় প্রকল্প বাস্তবায়ন পরবর্তী সর্বোচ্চ ২০ বৎসর পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

### ৩.৮ লাইসেন্স

বেসরকারিখাতে সোলার মিনি গ্রীড প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে নবায়নযোগ্য জ্বালানি নীতিমালার আলোকে ৫ মেগাওয়াট পর্যন্ত ক্ষমতার মিনিগ্রীড প্রকল্পের জন্য উদ্যোক্তা প্রতিষ্ঠানকে সোলার মিনিগ্রীড স্থাপনের জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন হতে লাইসেন্স গ্রহণ করতে হবে না, তবে কমিশন হতে ওয়েভার সার্টিফিকেট গ্রহণ করতে হবে। ২৫০ কিলোওয়াট পর্যন্ত ক্ষমতার মিনি গ্রীড প্রকল্পের ক্ষেত্রে উদ্যোক্তা প্রতিষ্ঠানকে ওয়েভার সার্টিফিকেট/ লাইসেন্স গ্রহণ হতে অব্যহতি প্রদান করা হবে, তবে উদ্যোক্তা কর্তৃক একটি পত্র দ্বারা কমিশনকে এ বিষয়ে অবহিত করতে হবে। সোলার মিনিগ্রীড প্রকল্প বাস্তবায়ন ও পরিচালনার জন্য প্রতিবছর নবায়নের শর্তে ন্যূনতম ২০ বছর মেয়াদে লাইসেন্স প্রদান করা হবে।

অধ্যায় | ৪



# ৪.০ রুফ টপ সোলার সিস্টেম স্থাপন

## ৪.১ ভূমিকা

দেশে বহু সরকারি, আধা সরকারি ও বেসরকারি (ব্যক্তিমালিকানাধীন আবাসিক, বানিজ্যিক ও শিল্প) ভবনের ছাদ অব্যবহৃত অবস্থায় আছে। এ সকল বহুতল ভবনের খালি ছাদ সোলার প্যানেল স্থাপনের জন্য একটি সম্ভাবনাময় ক্ষেত্র। রুফ টপ ব্যবহার করে দু'ভাবে সৌর বিদ্যুৎ উৎপাদন করা যেতে পারে :

ক) ভবনের মালিক বা ব্যবহারকারি কর্তৃক রুফ টপ সোলার সিস্টেম স্থাপন;

খ) বেসরকারি বিনিয়োগে BOO ভিত্তিতে আইপিপি মডেলে রুফ টপ সোলার সিস্টেম স্থাপন।

## ৪.২ ভবনের মালিক বা ব্যবহারকারি কর্তৃক রুফ টপ সোলার সিস্টেম স্থাপন

এই ধরনের রুফ টপ সোলার সিস্টেম ব্যক্তি উদ্যোগে ঢাকা শহরের কয়েকটি ভবনে স্থাপন করে সফল ও লাভজনক হিসেবে প্রমাণিত হয়েছে বিধায় যে সকল ভবনের ছাদে অব্যবহৃত খালি জায়গা রয়েছে সেখানে সোলার রুফ টপ সিস্টেম স্থাপন করে মালিক বা ব্যবহারকারীগন লাভবান হতে পারে।

### ৪.২.১ সম্ভাব্য প্রকল্প এলাকা

(১) সাধারণত: অন- গ্রীড এলাকা

(২) বাসা বাড়ি, বাণিজ্যিক ভবন অথবা শিল্প প্রতিষ্ঠানের ছাদের অব্যবহৃত ও উন্মুক্ত জায়গা।

### ৪.২.২ প্রকল্প বাস্তবায়ন কৌশল

(১) ছাদের মালিক সোলার সিস্টেম সরবরাহকারি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে সরাসরি এ ধরণের সিস্টেম স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে পারবে।

(২) ইচ্ছা করলে ছাদের মালিক দ্বিতীয় কোন পক্ষকে (যেমন- ESCO অর্থাৎ যারা কারিগরী ও আর্থিকভাবে লাভজন উপায়ে জ্বালানি সাশ্রয়ী ও নবায়নযোগ্য জ্বালানি নির্ভর প্রকল্প বাস্তবায়নে সহযোগিতা প্রদান করে থাকে সে সকল প্রতিষ্ঠান) প্রকল্প বাস্তবায়নের জন্য ছাদ লীজ প্রদান করতে পারে।

(৩) ফ্ল্যাট বাড়ি নির্মাণের সময় মালিক বা Developer কর্তৃক রুফ টপ সোলার সিস্টেম স্থাপন করা যেতে পারে।

(৪) বিদ্যুৎ বিভাগ, পাওয়ার সেল ও বিদ্যুৎ বিতরণী সংস্থাসমূহ বিনা অর্থে প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রদান করবে।

(৫) রুফ টপ সোলার সিস্টেম স্থাপন করার বিষয়টি সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণী সংস্থাকে অবহিত করতে হবে। সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণী সংস্থা প্রয়োজনে মিটার স্থাপন কাজে সহযোগিতা প্রদান করবে।

### ৪.২.৩ কারিগরী বিষয়

(১) প্রতিটি সিস্টেমের ক্ষমতা কমপক্ষে ১ কিলোওয়াট পিক হতে হবে।

(২) ৫ কিলোওয়াট এর অধিক ক্ষমতাসম্পন্ন সিস্টেমের জন্য Grid Tied Inverter ব্যবহার করতে হবে।

(৩) ব্যাটারি ব্যবহারকে নিরুৎসাহিত করতে হবে।

(৪) মানসম্পন্ন প্যানেল ও অন্যান্য Accessories ব্যবহার নিশ্চিতকল্পে একটি টেকনিক্যাল কমিটি গঠন করা হবে। এ কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহে উক্ত কমিটি কর্তৃক অনুমোদিত মানের প্যানেল ও অন্যান্য Accessories ব্যবহার করতে হবে। প্রোগ্রামেবল ডিজিটাল গ্রীড ইনভারটার ব্যবহার উৎসাহিত করতে হবে।

(৫) প্যানেল হতে উৎপাদিত সৌর বিদ্যুৎ ক্যাবলের মাধ্যমে সরাসরি মিটার কক্ষে স্থাপিত পৃথক মিটারের মাধ্যমে লোডে সরবরাহ করতে হবে।

(৬) পৃথক মিটার স্থাপন করে এনার্জি রেকর্ড করতে হবে। CDM সুবিধা আহরণের লক্ষ্যে রিমোর্ট কন্ট্রোল স্মার্ট মিটার ব্যবহার করা যেতে পারে।

### ৪.২.৪ আর্থিক বিষয়

(১) ভবন মালিকের নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হতে পারে।

(২) বাংলাদেশ ব্যাংকসহ অন্যান্য ব্যাংক জাতীয় স্বার্থে সহজ শর্তে ঋণ প্রদানের বিষয় বিবেচনা করতে পারে।

(৩) ইডকল হতে স্বল্প সুদে ঋণের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।

(৪) ESCO এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।

(৫) নতুন ফ্ল্যাট বাড়ি নির্মাণের সময় Developer কর্তৃক রুফ টপ সোলার সিস্টেম চালু করা যেতে পারে।

### ৪.২.৫ বিদ্যুৎ ট্যারিফ

(১) উৎপাদিত বিদ্যুৎ ভবন মালিক কর্তৃক নিজস্ব প্রয়োজনে অগ্রাধিকার ভিত্তিতে ব্যবহৃত হবে।

(২) রুফ টপ সোলার সিস্টেম হতে উৎপাদিত বিদ্যুৎ কিংবা ব্যবহারের অতিরিক্ত বিদ্যুৎ উদ্যোক্তা কর্তৃক বিক্রয় করার ইচ্ছা পোষন করলে তা সংশ্লিষ্ট এলাকার বিদ্যুৎ বিতরন ইউটিলিটির মাধ্যমে ক্রয়ের জন্য চুক্তি স্বাক্ষর করা হবে।

### ৪.২.৬ লাইসেন্স ও ছাড়পত্র

(১) কর্মসূচির আওতায় সোলার প্যানেল স্থাপন বিষয়ে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ কর্তপক্ষের নিকট থেকে আন্তঃ বা বহিঃ গ্রীডে বিদ্যুৎ সংযোগ প্রদান সংক্রান্ত নক্সা অনুমোদনসহ তাদের অবহিত করতে হবে।

(২) উদ্যোক্তা প্রতিষ্ঠানকে স্থাপিত প্রকল্প বা প্রকল্পের কোন উপকরণ দ্বারা পরিবেশের কোনরূপ ক্ষতি সাধিত হবে না এ মর্মে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের নিকট প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(৩) ভবনের মালিক বা ব্যবহারকারী কর্তৃক রুফ টপ সোলার সিস্টেম ব্যবসায়িক উদ্দেশ্যে স্থাপিত হবে না বিধায় BERC হতে কোন লাইসেন্স গ্রহণের প্রয়োজন হবে না

### ৪.২.৭ প্রকল্পের বাণিজ্যিক সফলতা

(১) প্রকল্পের পে-ব্যাক পিরিয়ড ৬-৮ বছর

(২) সর্বোচ্চ স্লাবের ট্যারিফ মূল্যে বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে না

(৩) গ্রীড বিদ্যুৎ ব্যবহার হ্রাস পাবে

(৪) নতুন বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে সরকারি শর্ত পূরণ হবে।

## ৪.৩ বেসরকারি বিনিয়োগে BOO ভিত্তিতে আইপিপি মডেলে রুফটপ সোলার সিস্টেম স্থাপন।

বহু সরকারি ও আধা-সরকারি ভবনের ছাদ অব্যবহৃত আছে। এ সকল বহুতল ভবনের খালি ছাদে বেসরকারি খাতে আইপিপি মডেলে BOO ভিত্তিতে রুফ টপ সোলার সিস্টেম স্থাপন করে বিদ্যুৎ উৎপাদন করা যেতে পারে।

০

### ৪.৩.১ প্রকল্প এলাকা

(১) সাধারণত অনগ্রীড এলাকা

(২) সরকারি ও আধা-সরকারি ভবনের ছাদ

### ৪.৩.২ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা

বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থা/ কোম্পানী কর্তৃক বেসরকারিখাতে রুফ টপ সোলার সিস্টেম স্থাপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থা/ কোম্পানী উদ্যোক্তা নির্বাচনের সকল কার্যক্রম সম্পন্ন করবে। অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ কিংবা দপ্তর কর্তৃক বেসরকারি উদ্যোগে এ ধরণের সিস্টেম স্থাপনের ক্ষেত্রে-

ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ কিংবা দায়িত্বপ্রাপ্ত কোন দপ্তর বেসরকারি উদ্যোক্তা নির্বাচনের কার্যক্রম সম্পন্ন করবে।

খ) বিদ্যুৎ বিভাগ সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করবে। পাওয়ার সেল/ স্রেডা দরপত্র দলিল প্রস্তুতকরণসহ কারিগরী বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান করবে।

গ) মিটার স্থাপনের কার্যক্রম সংশ্লিষ্ট বিদ্যুৎ সংস্থা ও উদ্যোক্তা প্রতিষ্ঠান যৌথভাবে সম্পন্ন করবে।

### ৪.৩.৩ প্রকল্প এলাকা নির্বাচন

সরকারি ও আধা-সরকারি ভবনের ছাদে রুফ টপ সোলার সিস্টেম স্থাপনের জায়গা প্রাথমিকভাবে নির্বাচন করা হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ বা ভবন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ ছাদের অবস্থান, প্রকৃতি ও ধরণ, ছাদের আয়তন ইত্যাদি বিষয় বিবেচনাপূর্বক প্রকল্পের প্রাথমিক সমীক্ষা সম্পন্ন করবে। প্রাথমিক সমীক্ষায় প্রকল্পটি গ্রহণযোগ্য বিবেচিত হলে এ বিষয়ে বিদ্যুৎ বিভাগ/ স্রেডা/ পাওয়ার সেলকে অবহিত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।

### ৪.৩.৪ উদ্যোক্তা নির্বাচন

সংশ্লিষ্ট মন্ত্রণালয়/উদ্যোক্তা বিভাগ/ দপ্তর উন্মুক্ত প্রতিযোগিতামূলক দরপত্রের মাধ্যমে আইপিপি মডেলে উদ্যোক্তা নির্বাচন করবে। দরপত্রে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা ক্ষমতা, বিনিয়োগের ক্ষমতা, প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতা, প্রতিষ্ঠানের আর্থিক বিবরণী, সোলার সংক্রান্ত কাজের অভিজ্ঞতা ইত্যাদি বিষয় যার ভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর দরপ্রস্তাব বিবেচনা করবে। বিডিং ডকুমেন্ট কারিগরী ও আর্থিক দুই ইনভেলাপ সিস্টেমের হবে। RFP তে বর্ণিত ক্রাইটেরিয়ার আলোকে দরপত্রের কারিগরী মূল্যায়ন করা হবে। প্রচলিত নিয়মনীতি এবং RFP তে বর্ণিত শর্তানুযায়ী নির্বাচিত দরদাতার সাথে চুক্তি স্বাক্ষর করতে হবে।

### ৪.৩.৫ প্রকল্পে অর্থায়ন

(ক) রুপ টপ সোলার সিস্টেম বেসরকারিখাতে আইপিপি মডেলে BOO ভিত্তিতে স্থাপন করা হবে।

(খ) বেসরকারি উদ্যোক্তা প্রকল্পের সকল ধরণের প্রয়োজনীয় অর্থায়নের ব্যবস্থা করবে।

(গ) প্রকল্পে অর্থায়নের ক্ষেত্রে উদ্যোক্তার ন্যূনতম ইক্যুটির পরিমাণ ২০% হতে হবে।

(ঘ) প্রযোজ্য ক্ষেত্রে ইডকল হতে তুলনামূলক স্বল্পসুদে গৃহীত ঋণের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।

### ৪.৩.৬ সিকিউরিটি প্যাকেজ

নির্বাচিত বেসরকারি উদ্যোক্তা প্রতিষ্ঠানের সাথে-

(ক) বিউবো এবং বেসরকারি উদ্যোক্তা প্রতিষ্ঠানের মধ্যে PPA স্বাক্ষরিত হবে;

(খ) বেসরকারি উদ্যোক্তা ও প্রকল্পের জায়গার স্বত্ত্বাধিকারী মন্ত্রণালয়/ বিভাগ কিংবা এদের অধীনস্থ দপ্তর/ অধিদপ্তরের মধ্যে "Roof Lease Agreement (RLA)" স্বাক্ষরিত হবে;

(গ) সরকারের পক্ষে বিদ্যুৎ বিভাগের সাথে Implementation Agreement-(IA) স্বাক্ষরিত হবে।

### ৪.৩.৭ কারিগরী বিষয়

(১) প্রতিটি সিস্টেমের ক্ষমতা কমপক্ষে ১০ কিলোওয়াট পিক হতে হবে
(২) Grid Tied Inverter ব্যবহার করতে হবে
(৩) ব্যাটারি ব্যবহার করা যাবে না
(৪) মানসম্পন্ন প্যানেল ও অন্যান্য Accessories ব্যবহার করতে হবে। প্রোগ্রামেবল ডিজিটাল গ্রীড টাইড ইনভার্টার ব্যবহার উৎসাহিত করা হবে।
(৫) পৃথক মিটার স্থাপন করে এনার্জি রেকর্ড করতে হবে। CDM সুবিধা আহরনের নিমিত্ত রিমোর্ট কন্ট্রোল স্মার্ট মিটার ব্যবহার করা যেতে পারে।

### ৪.৩.৮ রুফ টপ সোলার সিস্টেম পরিচালন ও রক্ষণাবেক্ষন

সোলার সিস্টেম পরিচালন ও রক্ষণাবেক্ষনের সার্বিক ব্যয় উদ্যোক্তা প্রতিষ্ঠান বহন করবে। সোলার প্যানেলের দক্ষতা গ্রহণযোগ্য মাত্রার চেয়ে বেশি হ্রাস পেলে তা নিজ ব্যয়ে পরিবর্তন/ ক্ষমতাবর্ধন করতে হবে।

### ৪.৩.৯ রুফ লীজ

সরকারি ও আধা-সরকারি ভবনের ছাদ লীজ গ্রহণের জন্য সংশ্লিষ্ট স্বত্তাধিকারীকে প্রতিকী মূল্য হিসেবে মাসিক ১ টাকা/ বর্গফুট হারে উদ্যোক্তা প্রতিষ্ঠান কর্তৃক ছাদের ভাড়া প্রদান করতে হবে। ভাড়ার হার RFP তে উল্লেখ থাকবে।

### ৪.৩.১০ লাইসেন্স

বেসরকারী বিনিয়োগে BOO ভিত্তিতে আইপিপি মডেলে স্থাপিত রুফটপ সিষ্টেমের ক্ষমতা ৫ মেগাওয়াটের বেশি হবে না বিধায় উদ্যোক্তাকে নবায়নযোগ্য জ্বালানি নীতিমালার আলোকে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন হতে লাইসেন্স গ্রহণ করতে হবে না। তাছাড়া সিস্টেমের ক্ষমতা ২৫০ মেগাওয়াট বা তার চেয়ে কম হলে উদ্যোক্তা প্রতিষ্ঠানকে কমিশন হতে কোন অব্যাহতিপত্র (Waiver) গ্রহণ করতে হবে না।

### ৪.৩.১১ বিদ্যুতের ট্যারিফ

এ ধরণের সিস্টেম হতে উৎপাদিত বিদ্যুৎ উক্ত ভবনেই ব্যবহৃত হবে। তবে তা অবশ্যই রিমোট কন্ট্রোল ডিজিটাল এনার্জি মিটার দ্বারা রেকর্ড করা হবে। স্থাপিত সোলার রুফ টপ হতে উৎপাদিত বিদ্যুতের জন্য বিডার প্রতি কিলোওয়াট আওয়ার হিসেবে স্থানীয় মুদ্রায় দরপ্রস্তাব করবে। কারিগরীভাবে রেসপন্সিভ সর্বনিম্ন দরদাতার সাথে ২০ বছরের জন্য PPA স্বাক্ষর করা হবে। বিডারকে উৎপাদিত বিদ্যুতের জন্য শুধুমাত্র এনার্জি চার্জ প্রদান করা হবে। এক্ষেত্রে কোন ক্যাপাসিটি চার্জ বিবেচনা করা হবে না। চুক্তি স্বাক্ষরকারী সংস্থা কর্তৃক বেসরকারি উদ্যোক্তাকে বিদ্যুৎ ক্রয়ের বিল টাকায় (স্থানীয় মুদ্রায়) পরিশোধ করা হবে।

# অধ্যায় ৫



## ৫.০ সৌর সেচ পাম্প স্থাপন

### ৫.১ সম্ভাব্য প্রকল্প এলাকা

(১) সম্ভাব্য প্রকল্প এলাকা নিম্নলিখিত বৈশিষ্ট্যসম্পন্ন হতে হবে:

(ক) বিদ্যমান ডিজেল চালিত শ্যালো এবং লো লিফ্‌ট পাম্প রয়েছে এমন এলাকা; অথবা বিদ্যুৎ বিহীন এলাকা;

(খ) বছরে ৩/৪টি ফসল ফলানো সম্ভব এমন কৃষি এলাকা;

(গ) Ground Water এর পানির স্তর খুব নীচু নয় অথবা Surface Water ব্যবহারের সুযোগ রয়েছে এমন এলাকা;

(ঘ) সোলার প্যানেল স্থাপনের পর্যাপ্ত জমি আছে অথবা দোতলা কৃষি পদ্ধতি অনুসারে সোলার প্যানেল স্থাপনের সুবিধা রয়েছে;

(ঙ) বর্ষাকালে অথবা বন্যার সময় পানিতে ডুবে যায় না এমন এলাকা;

(চ) পানি আর্সেনিক মুক্ত অথবা আর্সেনিক থাকলেও তার মাত্রা কৃষি কাজে ব্যবহারের উপযোগী।

(২) সেচ ছাড়াও আশে পাশে অন্যান্য উন্নয়নমূখী কাজে উৎপাদিত বিদ্যুৎ ব্যবহারের সুযোগ আছে এমন এলাকা।

### ৫.২ প্রকল্প বাস্তবায়ন কৌশল

(১) বিদ্যুৎ বিভাগ প্রস্তাবিত কর্মসূচির উদ্যোগী মন্ত্রণালয় হিসেবে প্রকল্প সংগঠন ও বাস্তবায়নে সার্বিক সহায়তা ও তদারকি করবে। প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থের যোগানেও বিদ্যুৎ বিভাগ উদ্যোগী ভূমিকা পালন করবে।

(২) প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন দাতা সংস্থা ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত তহবিল হতে অনুদান ও স্বল্প সুদের ঋণ গ্রহণ করা হবে। উক্ত অর্থ ইডকলের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠানসমূহকে প্রদান করা হবে।

(৩) ইডকল প্রচলিত বিধি-বিধান ও পদ্ধতি অনুসরণপূর্বক আগ্রহী উদ্যোক্তা প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করবে। এ ক্ষেত্রে দোতলা কৃষি পদ্ধতি অনুসরণে সোলার প্যানেল স্থাপন কার্যক্রমকে উৎসাহিত করা হবে।

(৪) সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি কারিগরী কমিটি গঠন করা হবে। কমিটি Equipment Specification প্রণয়ন করবে।

(৫) ইডকল কারিগরী কমিটির নির্ধারিত চাহিদা ও মান অনুযায়ী যন্ত্রপাতি স্থাপন তদারকি করবে। কারিগরী কমিটিও সময়ে সময়ে প্রকল্প এলাকা পরিদর্শন করতঃ তদারকি নিশ্চিত করবে।

(৬) ইডকল তার নির্ধারিত প্রাতিষ্ঠানিক রূপরেখা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করবে। উপদেষ্টা কমিটি কর্মসূচি বাস্তবায়ন তদারকি করবে।

(৭) উদ্যোক্তা প্রতিষ্ঠান প্রতিটি সোলার সেচ প্রকল্প বাস্তবায়নের দায়িত্বে থাকবে। তবে ক্ষেত্র বিশেষে সেচ পাম্পের পরিচালন দায়িত্ব, রক্ষণাবেক্ষণ ও পানির মূল্য আহরণের দায়িত্ব উদ্যোক্তা প্রতিষ্ঠান নিজে অথবা দ্বিতীয় কোন পকে (ব্যক্তি/ সমবায়/ বেসরকারী প্রতিষ্ঠান) প্রদান করতে পারবে।

(৮) প্রকল্পের সফলতার স্বার্থে উদ্যোক্তা প্রতিষ্ঠান কৃষকদের জমির উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য সামাজিক ব্যবসার ধারণার ভিত্তিতে প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রদান করবে।

### ৫.৩ সৌর সেচ প্রকল্পে অর্থায়ন

সৌর সেচ প্রকল্প বাস্তবায়ন, পরিচালন ও রক্ষণাবেক্ষনের জন্য উদ্যোক্তা প্রতিষ্ঠান প্রয়োজনীয় অর্থের সংস্থান করবে। ইডকল নবায়নযোগ্য জ্বালানি কার্যক্রম বাস্তবায়নের জন্য জলবায়ু পরিবর্তন সম্পর্কিত তহবিল এবং বিশ্বব্যাংকসহ বিভিন্ন দাতা সংস্থাসমূহের নিকট হতে প্রাপ্ত অনুদান বা সহজ শর্তের ঋণ দ্বারা গঠিত তহবিল হতে প্রকল্পে মোট বিনিয়োগের ইডকল প্রণীত নীতিমালা অনুযায়ী ৭০-৮০ শতাংশ পর্যন্ত অর্থ যোগান দ্বারা সরবরাহকৃত সেচের খরচ গ্রাহকদের জন্য সহনীয় পর্যায়ে রাখতে সহায়তা করবে।

### ৫.৪ কারিগরী বিষয়

(১) প্রতিটি সোলার সেচ পাম্পের গড় ক্যাপাসিটি ৫-১০ কিলোওয়াট পিক হবে। তবে প্রকল্প এলাকা বিশেষে এর চেয়ে কম বা বেশি ক্যাপাসিটির পাম্প স্থাপন করা যাবে।

(২) প্রতিটি পাম্পের পানির নির্গমণ হার কম/ বেশি দৈনিক ৩০০,০০০ লিটার হতে পারে।

(৩) পানি সরবরাহ ব্যবস্থা উন্মুক্ত চ্যানেলে অথবা নিয়ন্ত্রিত চ্যানেলে করা যেতে পারে। তবে নিয়ন্ত্রিত পানি সরবরাহ ব্যবস্থাকে উৎসাহিত করা হবে। এ ক্ষেত্রে প্রয়োজনে এ বিষয়ে আরডিএ, বগুড়া/ বিএডিসি'র কারিগরী সহায়তা গ্রহণ করা যেতে পারে।

### ৫.৫ লাইসেন্স ও ছাড়পত্র

(১) সৌর সেচ প্রকল্প স্থাপনের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন হতে কোন লাইসেন্স গ্রহণের প্রয়োজন হবে না। তবে ইডকলের আওতায় স্থাপিতব্য সোলার সেচ প্রকল্পসমূহের ক্ষেত্রে ইডকলের নীতিমালা অনুসরণে বাস্তবায়ন করা হবে।

(২) সোলার পাম্প স্থাপনকারী উদ্যোক্তা প্রতিষ্ঠানকে স্থাপিত প্রকল্প বা প্রকল্পের কোন উপকরণ দ্বারা পরিবেশের কোনরূপ ক্ষতি সাধিত হবে না এ মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

### ৫.৬ প্রকল্পের বাণিজ্যিক সফলতা

(১) সোলার সেচ পাম্প হতে আহরিত পানির ট্যারিফ সংশ্লিষ্ট এলাকায় ডিজেল চালিত সেচ পাম্পের ট্যারিফের সমান অথবা তার চেয়ে কম হতে হবে।

(২) প্রকল্পের জন্য কমপক্ষে ১০ বছরের চুক্তি স্বাক্ষরিত হবে।

(৩) সোলার সেচ পাম্পের পরিচালন ও রক্ষণাবেক্ষণ এবং পানি সরবরাহ ব্যবস্থার রক্ষণাবেক্ষণ উদ্যোক্তা প্রতিষ্ঠান নিজে অথবা দ্বিতীয় কোন পক্ষ দ্বারা সম্পাদন করতে পারে।

(৪) সোলার সেচ পাম্প স্থাপনের জন্য জমি পারস্পরিক সমঝোতার মাধ্যমে গ্রহণ করা হবে। তবে প্রয়োজনে লীজ নেয়া যেতে পারে।

অধ্যায় ৬



## ৬.০ সামাজিক সৌর বিদ্যুৎ প্রকল্প স্থাপন

### ৬.১ ভূমিকা

নবায়নযোগ্য জ্বালানি নীতিমালায় ঘোষিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সরকার ২০১৬ সালের মধ্যে ৫০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদনের কার্যক্রম গ্রহণ করেছে। এ কার্যক্রমের আওতায় দুই ধরনের প্রকল্প বিবেচনা করা হচ্ছে-(ক) বাণিজ্যিক প্রকল্প এবং (খ) সামাজিক প্রকল্প। সামাজিক প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত সেবা কেন্দ্র/ প্রতিষ্ঠানসমূহে নিজস্ব ব্যবহারের জন্য সৌর বিদ্যুৎ ব্যবস্থ্যা স্থাপনের বিষয়টি বিবেচনা করা হচ্ছে:

(১) ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র।
(২) প্রত্যন্ত এলাকার শিক্ষা প্রতিষ্ঠান।
(৩) ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র।
(৪) অবিদ্যুতায়িত ধর্মীয় প্রতিষ্ঠান।
(৫) প্রত্যন্ত রেলওয়ে ষ্টেশন।
(৬) অফ গ্রীড এলাকার সরকারি অফিসসমূহ।

### ৬.২ প্রকল্প এলাকা/ স্থান নির্বাচন

(ক) ইউনিয়ন স্বাস্থ্য সেবা কেন্দ্র, প্রত্যন্ত এলাকার শিক্ষা প্রতিষ্ঠান, ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র এবং ধর্মীয় প্রতিষ্ঠানসমূহ হতে নিম্নবর্ণিত ক্রমানুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প গ্রহণ করা হবে:

(১) গ্রীড বহির্ভূত প্রত্যন্ত গ্রামীণ এলাকার সেবা কেন্দ্র/ প্রতিষ্ঠান যেখানে বর্তমানে বিদ্যুৎ নাই এবং অদূর ভবিষ্যতেও বিদ্যুতায়নের সম্ভাবনা নাই।
(২) গ্রীডের আওতাধীন গ্রামীণ এলাকার অবিদ্যুতায়িত সেবা কেন্দ্র/ প্রতিষ্ঠান।
(৩) প্রত্যন্ত দ্বীপাঞ্চল বা পাহাড়ী অঞ্চলের যে সকল সেবা কেন্দ্র/ প্রতিষ্ঠানের বিদ্যুৎ সরবরাহ অপর্যাপ্ত ও নির্ভরযোগ্য নয়।
(৪) অধিকতর গুণগতমান ও সেবার পরিধি সম্পন্ন সেবা কেন্দ্র/ প্রতিষ্ঠান।
(৫) ভৌগলিক, সামাজিক ও আর্থিকভাবে পশ্চাৎপদ এলাকার সেবা কেন্দ্র/ প্রতিষ্ঠান।

(খ) অফ-গ্রীড এলাকার প্রত্যন্ত রেলওয়ে ষ্টেশন এবং সরকারি অফিসসমূহ:

(১) প্রাথমিকভাবে অবিদ্যুতায়িত রেলওয়ে ষ্টেশনসমূহকে অগ্রাধিকার ভিত্তিতে সামাজিক সৌর বিদ্যুৎ

প্রকল্পে অন্তর্ভুক্ত করা হবে।

(২) সরকারি অফিসের ক্ষেত্রে অফিসের ধরণ, বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহারের প্রয়োজনীয়তা, জনসাধারণের সাথে সম্পৃক্ততা ইত্যাদি বিবেচনাপূর্বক প্রকল্প গ্রহণ করা যেতে পারে।

## ৬.৩ প্রকল্প বাস্তবায়ন কৌশল

ক) সামাজিক প্রকল্পের সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ বা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ অধিদপ্তর প্রকল্পের জমির পরিমাণ, জমির ধরণ, বৈদুত্যিক লোড ইত্যাদি বিবেচনাপূর্বক প্রকল্প গ্রহণ করবে। প্রয়োজনে এ বিষয়ে প্রাক-সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করে ব্যবস্থা গ্রহণ করবে।

খ) বিদ্যুৎ বিভাগ/ স্রেডা বিশেষজ্ঞ পরামর্শকের সহায়তায় সকল প্রকল্পের জন্য একটি মডেল দরপত্র দলিল প্রণয়ন করবে, কারিগরী স্পেসিফিকেশন প্রস্তুত করবে এবং প্রয়োজনীয় কারিগরী সহযোগিতা প্রদান করবে।

গ) প্রচলিত নিয়মনীতি অনুসরণপূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ বা তার আওতাধীন দপ্তর/ অধিদপ্তর পস্তুতকৃত দরপত্র দলিল এবং কারিগরী স্পেসিফিকেশনের আলোকে পত্রিকায় বিজ্ঞাপন প্রচারপূর্বক উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে প্রকল্পের জন্য প্রয়োজনীয় সোলার প্যানেল ও আনুষঙ্গিক মালামাল সংগ্রহসহ প্রকল্প বাস্তবায়নের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবে।

## ৬.৪ কারিগরী বিষয়

(১) স্থাপিত সৌর সামাজিক প্রকল্প হতে উৎপাদিত বিদ্যুৎ বিতরণের জন্য অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে সুবিধাভোগী সংস্থা তা নিজ ব্যয়ে নির্মাণ করবে।

(২) সোলার প্রকল্পের পরিচালন ও রক্ষণাবেক্ষনের সার্বিক দায়িত্ব সুবিধাভোগী প্রতিষ্ঠান পালন করবে।

(৩) ব্যয় নিয়ন্ত্রণের লক্ষ্যে সামাজিক প্রকল্পের ক্ষেত্রে ব্যাটারি ব্যাক-আপ রাখার সুবিধা পরিহার করা হবে। তবে একান্ত প্রয়োজনে সীমিত পরিসরে ব্যাটারি ব্যাক-আপের বিষয় বিবেচনা করা যেতে পারে।

(৪) প্রকল্পের জন্য প্রয়োজনীয় জমি সুবিধাভোগী প্রতিষ্ঠান বরাদ্দ করবে এবং এ জন্য কোনরূপ ভাড়া বা ইজারা দাবি করতে পারবে না।

(৫) এ ধরনের প্রকল্পগুলো সরকারের দায়বদ্ধতা থেকে সম্পূর্ণ সামাজিক ভিত্তিতে বাস্তবায়ন করা হবে এবং কোনক্রমেই বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত হবে না বিধায় BERC হতে লাইসেন্স গ্রহণের প্রয়োজন হবে না।

## ৬.৫ লাইসেন্স ও ছাড়পত্র

সোশাল টাইপ সৌর প্রকল্পগুলো সরকারের দায়বদ্ধতা থেকে সম্পূর্ণ সামাজিক ভিত্তিতে বাস্তবায়ন করা হবে এবং কোনক্রমেই বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত হবে না বিধায় BERC হতে লাইসেন্স গ্রহণের প্রয়োজন হবে না।

## ৬.৬ অন্যান্য

(১) বিদ্যুৎ সাশ্রয়ী সরমঞ্জাম ও যন্ত্রপাতি ব্যবহার নিশ্চিত করতে হবে এবং এর জন্য প্রয়োজনীয় খরচ প্রকল্প ব্যয়ে অন্তর্ভূক্ত করতে হবে।

(২) প্রকল্প হতে উৎপাদিত বিদ্যুৎ সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নিয়মিত রেকর্ড করবে এবং চাহিদা অনুযায়ী সময়ে সময়ে তা বিদ্যুৎ বিভাগ/ পাওয়ার সেল/ স্রেডাকে অবহিত করবে।

অধ্যায় | ৭



## ৭.০ প্রচলিত আইন ও নীতিমালা

এ নীতিমালার আওতায় বাস্তবায়িত প্রকল্পের সার্বিক কার্যক্রম বাংলাদেশের প্রচলিত আইন, পরিবেশ আইন, বেসরকারিখাতে বিদ্যুৎ উৎপাদন নীতিমালা এবং নবায়নযোগ্য জ্বালানি নীতিমালার আলোকে সম্পন্ন হবে।

অধ্যায় ৮




## ৮.০ আর্থিক সুবিধাদি

(ক) সোলার পাওয়ার কোম্পানী ১৫ বছরের জন্য আয়কর থেকে অব্যহতি পাবে।

(খ) সোলার পাওয়ার কোম্পানী বাণিজ্যিক অপারেশনের ১২ বছরের মধ্যে প্ল্যান্ট ও ইকুইপমেন্টের মোট মূল্যের ১০% পর্যন্ত অর্থের স্পেয়ার পার্টস, শুল্ক, ভ্যাট, সারচার্জ ও ইমপোর্ট পারমিট ফি প্রদান ব্যতিরেকে আমদানি করতে পারবে। তবে স্থানীয়ভাবে আন্তর্জাতিক মানের উৎপাদিত সোলার যন্ত্রপাতির ক্ষেত্রে এ অব্যাহতি প্রযোজ্য হবে না।

(গ) বিদেশী কোম্পানীর ক্ষেত্রে ইকুইটি ও লভ্যাংশ নিজ দেশে নেওয়ার বিধান থাকবে।

(ঘ) সোলার পাওয়ার প্রকল্প হতে বিদেশী বিনিয়োগকারীর আয়কর মওকুফ করা হবে।

